

বরিশালে ৪১ শিক্ষা প্রতিষ্ঠানকে শোকজ

বরিশাল অফিস

চলতি বছরের এসএসসি পরীক্ষায় পাঁচজনের কম পাস করায় ৪১ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বরিশাল শিক্ষা বোর্ড। শিক্ষা মন্ত্রণালয়ের বিধি অনুযায়ী এসএসসি পরীক্ষার প্রধানকে শোকজ করা হয়েছে বলে জানা গেছে। নোটিশপ্রাপ্ত ৪১ শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে চারটি শিক্ষাপ্রতিষ্ঠানে একজনও পাস করতে পারেনি। শোকজ পাওয়া শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর উত্তর সন্তোষজনক না হলে শিক্ষক-কর্মচারীদের বেতন বন্ধ করে দেয়াসহ এমপিও বাতিলের সুপারিশ করা হতে পারে বলে জানা গেছে। সংশ্লিষ্ট বোর্ড সূত্রে জানা গেছে, এবারের এসএসসি পরীক্ষায় বরিশাল বোর্ডের ১০২টি স্কুলের ফল সন্তোষজনক হয়নি। এ স্কুলগুলোর মধ্যে শূন্য ভাগ পাস করা স্কুলের সংখ্যা ৪টি। এ চার স্কুল থেকে মোট ২২ জন পরীক্ষায় অংশ নিয়েছিল। এছাড়া পাঁচজনের কম পাস করেছে এমন স্কুলের সংখ্যা ৩৭টি। ১০ জনের কম পাস করেছে এমন বিদ্যালয় রয়েছে ৯১টি। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়মানুযায়ী পাঁচজনের কম পাস করা ৩৭ স্কুলের প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। শোকজপ্রাপ্ত স্কুলগুলো

হচ্ছে- বরিশালের সদর উপজেলার শহীদ আরিফ স্মৃতি বালিকা বিদ্যালয়, প্রফুল্লনাথ বালিকা বিদ্যালয়, বাকেরগঞ্জের মুনীরউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়, হিজলায় ফয়েজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়, চরমেজা উচ্চ বিদ্যালয়, মূলাদীর চরলক্ষ্মীপুর মাধ্যমিক বিদ্যালয়, উজিরপুরের কুড়ালিয়া বালিকা বিদ্যালয়, মেহেন্দিগঞ্জের পাজারহাট অপেক্ষ নৈশ বিদ্যালয়, পিরোজপুর

মাধ্যমিক বিদ্যালয়, ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার মির্জাকালু বালিকা বিদ্যালয়, বিকেএম মাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠি জেলার সদর উপজেলার বেগম চাননু স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়, ধানসিঁড়ি মাধ্যমিক বিদ্যালয়, কামালীকান্দার নবীনচন্দ্র বালিকা বিদ্যালয়, মালেকুল্লাহ বালিকা বিদ্যালয়, রাজাপুরের বামন খান পাড়লী মঙ্গল মাধ্যমিক বিদ্যালয়, দক্ষিণ রাজাপুর একএম বালিকা বিদ্যালয়, নলখিঁটির বিকেসিএম মাধ্যমিক বিদ্যালয়, ডেকগুয়ার বালিকা বিদ্যালয়, ইশাপাশা মোসলেমউদ্দিন হাওলাদার বালিকা বিদ্যালয়, নাচনমহল ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়, কাঁঠালিয়ার নেয়ামতপুর বালিকা বিদ্যালয়, বানি রাবেয়া মাধ্যমিক বিদ্যালয়, আমড়াবুনিয়া এইচকে বালিকা বিদ্যালয়, বরগনার সদর উপজেলার নিমতলী আজিজাবাদ সিএম বালিকা বিদ্যালয়, লেমুয়া পিকে বালিকা বিদ্যালয়, আমতলীর চলাভাঙা মাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালী জেলার সদর উপজেলার গোলবুনিয়া বালিকা বিদ্যালয়, মির্জাগঞ্জ উপজেলার পূর্ব মির্জাগঞ্জ এসএম মাধ্যমিক বিদ্যালয়, ফুলবাড়া গিয়াসউদ্দিন মেমোরিয়াল বালিকা বিদ্যালয় এবং কলাপাড়ার লোভা হাফিজউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়।



এমপিও বাতিলের সুপারিশ করা হতে পারে

জেলার সদর উপজেলার এইচআরজি বালিকা বিদ্যালয়, কুজাখোলা পঞ্চগ্রাম বালিকা বিদ্যালয়, হারপকাঠি উপজেলার তিনগ্রাম সফিলনী মাধ্যমিক বিদ্যালয়, ইসলামপুর মাধ্যমিক বিদ্যালয়, মাইশানী বালিকা বিদ্যালয়, সোহাগদল গনোমান বালিকা বিদ্যালয়, ভাঙারিয়ার দক্ষিণ ধাওয়া বালিকা বিদ্যালয়, মঠবাড়িয়ার গোলবুনিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, হোতাখালী আদর্শগ্রাম